গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে চলতি অর্থবছরে (২০২২-২০২৩) অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার সচিব
সভার তারিখ	১৫-০৩-২০২৩ খ্রি.
সভার সময়	দুপুর ১২:০০
স্থান	ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যক্রম ও সুপারিশসমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-১ অধিশাখা)-কে নির্দেশনা প্রদান করেন।

২.২ উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন প্রতিষ্ঠানগুলো সুন্দরভাবে পরিচালনার ক্ষেত্রে স্টেকহোল্ডারগণ তাদের মূল্যবান পরামর্শ দিয়ে ভূমিকা রাখতে পারেন। তিনি উল্লেখ করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ ০৩ ধরণের সেবা প্রদান করে থাকে। এগুলো হচ্ছে প্রাতিষ্ঠানিক সেবা, নাগরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা। এ বিভাগ হতে মূলত প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা বেশি প্রদান করা হয়ে থাকে। এছাড়া, নাগরিক সেবার মধ্যে রয়েছে-তথ্য প্রদান, বিশেষ ক্ষেত্রে ফিলিং স্টেশন/ সার্ভিস স্টেশন স্থাপনের অনুমতি প্রদান, এলপিজি বটলিং প্ল্যাণ্ট অনুমোদন, সরকারি ও বেসরকারি পর্যায়ে রিফাইনারী/কনডেনসেট ফ্রাকশনেশন প্ল্যান্ট স্থাপনের অনুমোদন, লুব ব্লেন্ডিং প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত কার্যাবলী, বেসরকারি পর্যায়ে পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট স্থাপন ও পরিচালনা সংক্রান্ত কার্যাবলী এবং ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত কার্যাবলী। এ বিভাগ এবং দপ্তর/সংস্থা/কোম্পানির উপস্থিত প্রতিনিধিগণের পক্ষ থেকে নাগরিকদের সেবা প্রদানের ক্ষেত্রে কি কি সমস্যার সম্মুখীন হতে হয় এবং উর্ধ্বতন কার্যালয় হতে সেবা পাওয়ার ক্ষেত্রে কি কি প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয় তা একে একে উপস্থাপনের জন্য উপস্থিত স্টেকহোল্ডারগণকে অনুরোধ জানানো হয়।

২.৩ বিপিসি'র চেয়ারম্যান উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, আমাদের সংস্থা ও কোম্পানিসমূহ নিয়মিত যথাযথভাবে সেবা প্রদান প্রতিশ্রুতির অংশ হিসেবে সিটিজেনস্ চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে। বিপিসি'র ওয়েব সাইটে সিটিজেনস্ চার্টার প্রদর্শিত রয়েছে। সিটিজেন চার্টার অনুযায়ী সকল প্রকার সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়া. স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অংশীজনের সভা আয়োজনের জন্য তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে আন্তরিক ধন্যবাদ জানান।

২.৪ গণমাধ্যম কর্মীদের মধ্যে সভায় সংযুক্ত একজন প্রতিনিধি জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানি তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) অনুযায়ী প্রতিনিয়ত সেবা প্রদান করে থাকে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি দেশের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান বিধায় এ প্রতিষ্ঠানসমূহ হতে সেবা প্রত্যাশীগণ যথাযথ সেবা প্রত্যাশা করে থাকে।

২.৫ পরিশেষে উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) সভায় সংযুক্ত স্টেকহোল্ডারদের মধ্য থেকে কেউ কোন বিষয়ে বলতে চাইলে উপস্থাপন করার অনুরোধ জানান। সভায় সংযুক্ত থেকে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পেট্রোবাংলার কোম্পানিসমূহকে পৃষ্ঠাঙ্কন করা করা হলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৬ সভাপতি সভায় সংযুক্ত সবার উদ্দেশ্যে বলেন এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পনিকে নিয়মিতভাবে অংশীজনের সভা অনুষ্ঠান করতে হবে এবং অংশীজনের বক্তব্য/পরামর্শ শুনে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারো কোনো পারমর্শ/অভিযোগ থাকলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাদের জানানোর জন্য অংশীজনদের অনুরোধ করা হয়। তাছাড়া, সভায় গৃহীত পরামর্শ, সুপারিশ, সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি আরও বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

৩.০ **সিদ্ধান্ত/সুপারিশ:**

৩.১ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের ক্ষেত্রে সাধারণ ত্রুটিসমূহ হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী স্বচ্ছতার সাথে সেবা প্রদান করতে হবে;

(গ) নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করতে হবে।

৪.০ সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১২৯৬

তারিখ: ২০ চৈত্র ১৪২৯
০৩ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৫) অতিরিক্ত সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) যুগ্মসচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
১০) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
১১) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১৫) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
১৬) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১৮) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৯) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

২০) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

২১) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

২২) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২৩) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

২৪) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

২৬) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

২৭) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

২৮) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

২৯) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

৩০) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

৩১) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড

৩২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এস এম জাকারিয়া
উপসচিব